


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ঝিকরগাছা, যশোর।

তারিখ : ০৩/০৮/২০২১

পত্র নং-৩৩.০২.৪১২৩.৫০১.৩৬.০১৭.১৫-২১

নোটিশ

এতদ্বারা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, আগামী ০৪/০৮/২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মোঃ সেলিম রেজা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর এর সভাপতিত্বে তাঁর সভা কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির এক সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(রিপন কুমার ঘোষ)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অ. দা.)
ঝিকরগাছা, যশোর।

তারিখ : ০৩/০৮/২০২১

পত্র নং-৩৩.০২.৪১২৩.৫০১.৩৬.০১৭.১৫-২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ০৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
- ০৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
- ০৫। চেয়ারম্যান, বাঁকড়া/ গদখালী ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
- ০৬। অফিস কপি



সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অ. দা.)
ঝিকরগাছা, যশোর।

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সেলিম রেজা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, ঝিকরগাছা, যশোর।

তারিখঃ ০৪/০৮/২০২১

সময় : সকাল- ১১.০০

সদস্যবৃন্দের উপস্থিতি (পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। পূর্ববর্তী সভার অগ্রগতি বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। সভাপতি সদস্য সচিবকে আলোচ্য সূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর উপস্থাপিত আলোচ্যসূচি পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কার্যক্রমের সুপারিশ করা হয়।


মৎস্য বিভাগ

ক্রঃনং	আলোচনার বিষয়	সুপারিশ/ সিদ্ধান্ত	মন্তব্য
০১	রেল ব্রিজঘাট কপোতাক্ষ নদে দেশীয় প্রজাতির মৎস্য সংরক্ষনার্থে মৎস্য অভয়াশ্রম নির্মাণ কপোতাক্ষ নদ রেল ব্রিজঘাট সংলগ্ন এলাকায় দেশীয় প্রজাতির মাছ সংরক্ষনার্থে একটি মৎস্য অভয়াশ্রম নির্মাণ করা প্রয়োজন।	উপজেলা পরিষদের অর্থায়নে কপোতাক্ষ নদ রেল ব্রিজঘাট সংলগ্ন এলাকায় দেশীয় প্রজাতির মাছ সংরক্ষনার্থে একটি মৎস্য অভয়াশ্রম নির্মাণ করা প্রয়োজন প্রকল্প গ্রহণ করার জন্য সুপারিশ করা হলো।	
০২	মাছের খাদ্য বিষয়ক মাছের খাদ্য গুণগত মানের জন্য ঝিকরগাছা উপজেলায় খুচরা খাদ্য বিক্রেতাদের লাইসেন্স আওতায় আনার জন্য কার্যক্রম শুরু হয়েছে। উপজেলা প্রশাসন, আইনপ্রয়োগকারি সংস্থা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ এবং সংশ্লিষ্ট সকল বিভাগের সহযোগিতা প্রয়োজন।	কার্যক্রমসমূহ ধারাবাহিকভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।	
০৩	উপজেলা পরিষদের পুকুরে মৎস্য প্রদর্শনী স্থাপন উপজেলা পরিষদের পুকুরে মৎস্য প্রদর্শনী খামার স্থাপন কার্যক্রম করা যায়।	প্রকল্প গ্রহণের মাধ্যমে উপজেলা পরিষদের পুকুরে মৎস্য প্রদর্শনী খামার স্থাপন করার জন্য সুপারিশ করা হলো।	

প্রাণিসম্পদ বিভাগ

ক্রমিক নং	আলোচনার বিষয়	সুপারিশ/সিদ্ধান্ত	মন্তব্য
১	কনডেমড ঘোষণা এবং নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাক্কলন প্রস্তুত প্রসংগে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর -এর দু'টি ভবন দীর্ঘদিন	ভবন দু'টি কনডেমড ঘোষণা এবং নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে বিধি মোতাবেক উপজেলা প্রকৌশলী	

	পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে যা ব্যবহারের অনুপযোগী। ভবন দু'টি কনডেমড ঘোষণা এবং নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাক্কলন প্রস্তুত করণ প্রয়োজন।	সহযোগিতায় প্রাক্কলন প্রস্তুত করণ এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্তে সুপারিশ করা হলো।	
২	প্রাণিসম্পদ দপ্তরের ক্যাম্পাসে পানি নিষ্কাশন প্রসংগে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ক্যাম্পাসে প্রতি বছর বর্ষা মৌসুমে জলাবদ্ধতা সৃষ্টি হয়। উল্লেখিত ক্যাম্পাসের পানি নিষ্কাশনের জন্য পৌরসভার ড্রেনের সাথে ক্যাম্পাসের ড্রেনের একটি সংযোগ থাকলে জলাবদ্ধতা কিছুটা কমবে বলে ধারণা করা যায়। পানি নিষ্কাশনের জন্য একটি ড্রেন নির্মাণ আবশ্যিক।	প্রকল্প গ্রহণের মাধ্যমে পানি নিষ্কাশন ড্রেন নির্মাণের জন্য সুপারিশ করা হলো।	
৩	গবাদি প্রাণির কৃষি মুক্ত করণ উপজেলায় প্রায় একলক্ষ গরু আছে। প্রতি বছর কৃষির কারণে অনেক গরু মারা যায়। চাষীদের উদ্বুদ্ধ করার জন্য নমুনা হিসেবে কৃষি মুক্তকরণ কার্যক্রম গ্রহণ করা যায়।	নমুনা হিসেবে উপজেলার একটি ইউনিয়নে দরিদ্র কৃষকের গরুর কৃষিমুক্তকরণ প্রকল্প গ্রহণের জন্য সুপারিশ করা হলো।	



(মোঃ সেলিম রেজা)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

ও

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি

পত্র নং-৩৩.০২.৪১২৩.৫০১.৩৬.০১৭.১৫-২২

তারিখঃ ০৪/০৮/২০২১

সদয় অবতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
০২. উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
০৩. ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
০৪. উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঝিকরগাছা, যশোর।
০৫. চেয়ারম্যান, বাঁকড়া/ গদখালী ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।

(রিপন কুমার ঘোষ)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ. দা.)

ঝিকরগাছা, যশোর।

ও

সদস্য সচিব